গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস হাউস, পানগাঁও, ঢাকা
E-mail: pangaoncustoms@nbr.gov.bd
**ই-নিলাম (E-Auction) নং-১/২০২৬ এর বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্বসাধারণের জ্ঞাতার্থে পানগাঁও অভ্যন্তরীণ কন্টেইনার টার্মিনালে রক্ষিত নিলামযোগ্য বিভিন্ন প্রকার মালামাল নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী নিলাম ক্রেতাগণের নিকট হতে দরপত্র আহ্বান করা যাচ্ছে। আগামী ২৫/০২/২০২৬ খ্রি: তারিখ সকাল হতে ১১/০৩/২০২৬খ্রি: তারিখ রাত ১১:৫৯ ঘটিকা পর্যন্ত E-Auction Website Address (103 .48. 18. 166/auction/752) এ বিডার লগইন করে ই-নিলামে অংশগ্রহণ করা যাবে। পণ্য সরেজমিন পরিদর্শন করে নিলামে অংশগ্রহণের জন্য আগ্রহী নিলাম ক্রেতাগণকে অনুরোধ করা যাচ্ছে। নিলামের দর উন্মুক্ত করার পর নিলাম ক্রেতা/বিডার কর্তৃক পণ্য সংক্রান্ত কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

০২। নিলামে অংশগ্রহণকারী ব্যক্তি শ্রেণির দরদাতার ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র, টিআইএন সনদপত্র ও হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের প্রত্যয়নপত্র এবং দরদাতা প্রতিষ্ঠানের ক্ষেত্রে হালনাগাদ ট্রেড লাইসেন্স, মূসক নিবন্ধন, টিআইএন সনদপত্র ও হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের প্রত্যয়নপত্র থাকতে হবে। অনলাইনে নিলামে অংশগ্রহণকালে/বিড করার সময় দরপত্র মূল্য/কোটেশন মূল্যের কমপক্ষে ১০% অর্থ জামানত হিসেবে যেকোন তফসিলি ব্যাংক হতে “কমিশনার, কাস্টমস হাউস, পানগাঁও, ঢাকা'' এর অনুকূলে ইস্যুকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ডিডি এর স্ক্যান কপি অনলাইনে আবেদনকালে আপলোড এবং পরবর্তীতে পে-অর্ডারের মূল কপি ও প্রযোজ্য অন্যান্য দলিলাদি ১২/০৩/২০২৬ ইং তারিখ দুপুর ১২:০০ টার মধ্যে সীলগালাযুক্ত খামে কাস্টমস হাউস, পানগাঁও এ রক্ষিত দরপত্র বাক্সে জমা করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে পে-অর্ডারের মূল কপি ও প্রযোজ্য অন্যান্য দলিলাদি দরপত্র বাক্সে জমা করতে ব্যর্থ হলে অনলাইনে দাখিলকৃত দরপত্র বাতিল বলে গণ্য হবে। দরপত্র বাক্সে জমাকৃত খামসমূহ আগামী ১২/০৩/২০২৬ খ্রি: তারিখ দুপুর ২:৩০ ঘটিকায় কাস্টমস হাউস, পানগাঁও, ঢাকা এর সম্মেলন কক্ষে উন্মুক্ত করা হবে।

০৩। উল্লেখ্য, বিদ্যমান আমদানি নীতি আদেশ এর প্রযোজ্য শর্ত প্রতিপালন, মামলার তথ্য যাচাই এবং অন্যান্য আইন ও বিধি-বিধানের প্রযোজ্য সকল শর্তাদি পরিপালনপূর্বক প্রযোজ্যক্ষেত্রে খালাস পর্যায়ে পণ্যের বর্ণনা এবং ওজন নিশ্চিত সাপেক্ষে নিলামকৃত পণ্য ছাড়যোগ্য হবে। এছাড়া, সর্বোচ্চ দর মূল্যের উপর সরকারি বিধি অনুযায়ী প্রযোজ্য হারে অগ্রিম আয়কর ও ভ্যাট পরিশোধ করতে হবে।

০৪। পণ্য পরিদর্শনের তারিখ: আগামী ০২/০৩/২০২৬ খ্রি: তারিখ হতে ০৪/০৩/২০২৬ খ্রি: তারিখ পর্যন্ত কাস্টমস হাউস, পানগাঁও এর ওয়েবসাইটে প্রচারিত/নোটিশ বোর্ডে প্রদর্শিত সময় ও তারিখ অনুযায়ী ই-নিলামের অন্তর্ভুক্ত পণ্যসমূহ সরেজমিন পরিদর্শন করা যাবে।

০৫। বিডার রেজিস্ট্রেশন: আগ্রহী নিলাম ক্রেতাগণ E-Auction Website (103.48.18.166/auction/752) এ রেজিস্ট্রেশন বা বিডার লগইন করে উক্ত ই-নিলামে অংশগ্রহণ করতে পারবেন।

০৬। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় ও পর্যায়ে কোন লট/পণ্যচালান বা সকল লট/পণ্যচালানের নিলাম আংশিক বা সম্পূর্ণ স্থগিত বা বাতিল করতে পারবেন। এ বিজ্ঞপ্তিতে উল্লিখিত কোন শর্তাদি বা নির্দেশনা যদি জাতীয় রাজস্ব বোর্ডের স্থায়ী আদেশ নং-৯১/কাস্টমস/২০২৫/১২৩, তারিখ: ২ জুলাই, ২০২৫ খ্রিঃ সাথে সাংঘর্ষিক হয় তবে স্থায়ী আদেশের নির্দেশনা বা শর্তাদি প্রাধান্য পাবে মর্মে সকলের অবগতির জন্য জানানো হলো।

18/02/2026
মোহাম্মদ শহীদুল ইসলাম
এডিশনাল কমিশনার অব কাস্টমস
ও
সভাপতি, নিলাম কমিটি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, পানগাঁও, ঢাকা
e-mail:pangaoncustoms@nbr.gov.bd

ই-মেইল/বাহকযোগে

তারিখ: ১৮/০২/২০২৬খ্রিঃ।

নথি নং-৫-২০(০৬)কাস/নিলাম/কাঃহাঃপাঃ/২০২৫/৪২২(৩)

বিষয়: ই-নিলাম নং- ১/২০২৬ এর বিজ্ঞপ্তি প্রচার।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, পানগাঁও বন্দরের অভ্যন্তরে রক্ষিত বিভিন্ন প্রকার পণ্য যেখানে যে অবস্থায় আছে সে ভিত্তিতে নিলামে বিক্রয়ের লক্ষ্যে আগামী ১২/০৩/২০২৬ খ্রি: তারিখে ই-নিলাম নং- ১/২০২৬ অনুষ্ঠানের দিন ধার্য করা হয়েছে।

২। জাতীয় রাজস্ব বোর্ডের নিলাম সংক্রান্ত স্থায়ী আদেশ নং-৯১/কাস্টমস/২০২৫/১২৩, তারিখ: ০২/জুলাই/২০২৫ খ্রি: এর নির্দেশনার আলোকে এবং নিলাম কমিটির সুপারিশের পরিপ্রেক্ষিতে বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকা এবং জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইট (www.nbr.gov.bd) এবং কাস্টমস হাউস, পানগাঁও এর ওয়েবসাইটে (www.pch.gov. bd) ও সোশ্যাল মিডিয়ায় ই-নিলাম নং-১/২০২৬ এর বিজ্ঞপ্তি আগামী ২৪/০২/২০২৬ ইং তারিখের মধ্যে প্রকাশ করার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

৩। <u>নিলাম বিজ্ঞাপনে নিম্নরূপ শর্ত উল্লেখ থাকবে:</u>

(ক) আগ্রহী নিলাম ক্রেতাগণ আগামী ২৫/০২/২০২৬ খ্রি. তারিখ সকাল ৯.০০ টা হতে ১১/০৩/২০২৬ খ্রি: তারিখ রাত ১১:৫৯ ঘটিকা পর্যন্ত E-Auction Website (103.48.18.166/auction/752) এ রেজিস্ট্রেশন বা বিডার লগইন করে উক্ত ই-নিলামে অংশগ্রহণ করতে পারবেন। নিলামে অংশগ্রহণকারী ব্যক্তি শ্রেণীর দরদাতার ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র, টিআইএন সনদ ও হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের প্রত্যয়নপত্র এবং দরদাতা প্রতিষ্ঠানের ক্ষেত্রে হালনাগাদ ট্রেড লাইসেন্স, মূসক নিবন্ধন, টিআইএন সনদ ও হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের প্রত্যয়নপত্র থাকতে হবে। অনলাইনে নিলামে অংশগ্রহণকালে/বিড করার সময় দরপত্র/কোটেশন মূল্যের কমপক্ষে ১০% অর্থ জামানত হিসেবে যেকোন তফসিলি ব্যাংক হতে "কমিশনার, কাস্টমস হাউস, পানগাঁও" এর অনুকূলে ইস্যুকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ডিডি এর স্ক্যান কপি অনলাইনে দাখিল করতে হবে এবং পরবর্তীতে পে-অর্ডারের মূল কপি ও প্রযোজ্য অন্যান্য দলিলাদি নির্ধারিত সময় এর মধ্যে সীলগালাযুক্ত খামে কাস্টমস হাউস, পানগাঁও এ রক্ষিত দরপত্র বাক্সে জমা প্রদান করতে হবে।

(খ) পণ্য যেখানে যে অবস্থায় রয়েছে, তা সরেজমিন পরিদর্শন করে নিলামে অংশগ্রহণ করার জন্য আগ্রহী নিলাম ক্রেতাগণকে অনুরোধ করা যাচ্ছে। নিলামের দর উন্মুক্ত করার পর নিলাম ক্রেতা/বিডার কর্তৃক পণ্য সংক্রান্ত কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

(গ) আগামী ০২/০৩/২০২৬ খ্রি: হতে ০৪/০৩/২০২৬ খ্রি: তারিখ পর্যন্ত কাস্টমস হাউস, পানগাঁও এর ওয়েবসাইটে প্রচারিত/নোটিশ বোর্ডে প্রদর্শিত সময় ও তারিখ অনুযায়ী অফিস চলাকালীন সময়ের মধ্যে সরজমিনে ই-নিলাম ১/২০২৬ এর পণ্য পরিদর্শন করা যাবে।

(ঘ) যে কোন দরপত্র গ্রহণ/বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(ঙ) নিলাম স্থগিত/বাতিল/সংশোধনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

উপর্যুক্ত নির্দেশনার আলোকে আপনাকে নিলাম কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

18/02/2026

রীমা আক্তার
অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস
কমিশনার অব কাস্টমস এর পক্ষে

প্রাপক: স্বত্বাধিকারী
খান ট্রেডিং কোং, ৮৬, পূর্বগোড়ান, ঢাকা- ১২১৯।

<u>অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১। অ্যাডিশনাল কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস, পানগাঁও, ঢাকা।

২। জয়েন্ট কমিশনার অব কাস্টমস (সকল) , কাস্টমস হাউস, পানগাঁও, ঢাকা।

৩। ডেপুটি / অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস, পানগাঁও, ঢাকা।

৪। পিএ-টু চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৫। পিএ টু কমিশনার, কাস্টমস হাউস, পানগাঁও, ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।

<u>অনুলিপি প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, প্লট-এফ ১/এ, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ (ই-নিলাম বিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

২। সহকারী প্রোগ্রামার, কাস্টমস হাউস, পানগাঁও (ই-নিলাম বিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

৩। রাজস্ব কর্মকর্তা (নিলাম শাখা), কাস্টমস হাউস, পানগাঁও, ঢাকা।

৪। এল.পি. ও সুপার/ অডিট অফিসার (টিএ)/নিরাপত্তা পরিদর্শক, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, আইসিটি পানগাঁও, ঢাকা।

৫। নোটিশ বোর্ড।

৬। অফিস কপি।